# North Western University

*Committed to World Class Education*

০৬ মে ২০২৫ খ্রি.

**নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির শিক্ষা কার্যক্রম সংক্রান্ত সংবাদ বিবৃতি**

বিগত ২/৩ দিন কিছু অনলাইন নিউজ পোর্টাল ও সামাজিক যোগাযোগ মাধ্যমে "বাড়ি ভাড়া নিয়ে পাঠদান; নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির ভর্তিসহ সব শিক্ষা কার্যক্রম বন্ধের নির্দেশ" শিরোনামে যে সংবাদ প্রচারিত হয়েছে, তা সম্পূর্ণ ভিত্তিহীন ও বানোয়াট, যা শিক্ষার্থীদের বিভ্রান্ত করার অপচেষ্টার অংশ বলে প্রতীয়মান।

নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির শিক্ষার্থীদের উক্ত অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য অনুরোধ করা হলো এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রয়েছে এবং চলমান থাকবে।

নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি কর্তৃপক্ষ খুলনা শহরের অদূরে লবনচরা থানাধীন খুলনা-ঢাকা হাইওয়ের পাশে অতি মনোরম পরিবেশে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার লক্ষ্যে ৬.৬৪২৯ একর জমি ক্রয় এবং পর্যায়ক্রমে ধারাবাহিকভাবে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। উল্লেখ্য যে, গত ১০/১১/২০২৪ খ্রি. তারিখ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) বিশ্ববিদ্যালয়ের মাস্টারপ্ল্যানসহ একাডেমিক ভবন নির্মাণ কাজের অনুমোদন প্রদান করেছেন। ভবনের নকশা ও ফাউন্ডেশনসহ স্ট্রাকচারাল ডিজাইন ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) থেকে Vetting করার কাজ প্রক্রিয়াধীন। স্থায়ী ক্যাম্পাসের নির্মাণ কাজের জন্য ১৬টি পয়েন্টে Sub-Soil Investigation কাজ সম্পন্ন করা হয়েছে। স্থায়ী ক্যাম্পাসে একাডেমিক ভবন নির্মাণ কাজ শুরুর প্রক্রিয়াধীন।

আমরা দেশের সব গণমাধ্যম ও সংবাদকর্মীদের প্রতি সম্মান জানিয়ে বিনীতভাবে অনুরোধ করছি যে, বিভ্রান্তিকর ও ভিত্তিহীন সংবাদ পরিবেশন থেকে বিরত থাকুন এবং বিশ্ববিদ্যালয় সংক্রান্ত যেকোনো তথ্য প্রচারের পূর্বে সঠিক তথ্যের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

06.05.25

রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি, খুলনা